শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



গোলক ধাঁধা

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

7		1	4					
	2			3	7			
	8		5		2	7	3	
	1							9
9								8
2							5	
	6	5	2		3		8	
			8	7			6	
					5	2		4

গতকালের সমাধান

2	9	3	7	8	4	1	5	6
7	4	6	2	1	5	3	9	8
8	5	1	6	3	9	4	7	2
1	3	5	9	4	6	2	8	7
6	8	4	1	2	7	5	3	9
9	2	7	3	5	8	6	4	1
4	1	2	8	9	3	7	6	5
3	6	9	5	7	1	8	2	4
5	7	8	4	6	2	9	1	3

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৮ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৭ ডিগ্রি ও ২৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ১৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫.১৯, **সূর্যাস্ত:** ঘ ৫.৫৫ **জোয়ার:** দুপুর ২.০৫। **ভাটা:** সকাল ৯.৩২।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	২৯,২৪৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৭,৪৪৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৮,১৬০
রুপোর বাট (প্রতি কেজি):	৪২,৩০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪২,৪০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 64.5438
INR / 1 Euro	: 68.3067
INR / 100 Jap. YEN	: 58.3700
INR / 1 Pound Sterling	: 80.1376

শেয়ার সূচক

BSE	29,788.35▲	(+212.61)
NIFTY	9,237.00 ▲	(+55.55)

শব্দলিপি- ৮৫৫



প্রদীপ্তা খামরুই

পাশাপাশি ঃ ১। অলংকারে অরাজক দেশ ৪। আদল ৫। রামতনয়দ্বয় ৭। ইন্দ্র ৮। জলকণা ১০। শান্ত দাস্য ইত্যাদি পাঁচটি রস ১২। সহানুভূতি ১৩। অগ্নিকর্তৃক খাণ্ডববন দহন

উপরনীচ ঃ ১। জায়গিরপ্রাপ্ত সেনাপতি ২। সরস ৩। কঠিন ৪। গুজরাটি নৃত্য ৬। 'গাড়ি চালায়—' ৯। খোরাক ১০। গড়খাই ১১। গোলাকার রসালো মিষ্টি স্বাদের ফল বিশেষ

সমাধান ঃ শব্দলিপি - ৮৫৪

পাশাপাশি ঃ ১। ভালবাসা ৪। মধুর ৬। মনস্তাপ ৭। ত্রিকালজ্ঞন ৯। সঙ্কটকাল ১১। চেকনাই ১৩। জনন ১৪। লক্ষ্মীবন্ত

উপরনীচ ঃ ১। লগন ৩। সান্ধ্যপত্রিকা ৪। মহাকাল ৫। রসায়ন বই ৬। মহাসমারোহে ৮। কালচে লাল ১০। টনটন ১২। নায়েব

বেআইনি দেশি মদ উদ্ধার ও বিক্রেতা গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : নামখানার রাজনগর গ্রাম থেকে দুশো কুড়ি লিটার দেশি মদ উদ্ধার করল নামখানা থানার পুলিশ। থানা সূত্রে জানা যাচ্ছে, বিপ্লব দাস নামে এক ব্যক্তি দেশি মদের বেআইনি ব্যবসার সঙ্গে যুক্ত ছিল। বিপ্লবের বাড়ি নামখানা থানার রাজনগর গ্রামে। চৈত্র মাসে গ্রামবাংলায় পুজো, যাত্রা, গাজনের মরশুম। এই সময়ে দেশি মদও দেদার বিক্রি হয়। রাজনগর থেকে মৌসুমী দ্বীপ ফ্রেজারগঞ্জ, বকখালি, হরিপুর সহ বিভিন্ন জায়গায় পাঠাত বিপ্লব। নামখানা থানার পুলিশ গতকাল রাতে মদ সহ বিপ্লবকে গ্রেফতার করে। আজ কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হবে। বিচারক বিপ্লবকে জেল হেফাজতের নির্দেশ দেন।

সভা-সমিতি

রামকৃষ্ণ মঠ (বলরামমন্দির) আজ বুধবার আলোচনায় : শ্রীমদ্ভগবদ্ গীতা। পাঠক/গায়িকা : স্বামী পূতানন্দ মহারাজ ও প্রদীপ বন্দ্যোপাধ্যায়। সময় : ৫.১৫ মিঃ থেকে।

ভাগ্যলিপি

মেষ
আনন্দের বার্তা বয়ে আসতে পারে। নতুন চাকরি বা বিবাহের যোগ বা ব্যবসায় লাভ হওয়ার দিন।

বৃষ
অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হবেন আজ। সাহাহ্নে সপরিবার অদূর ভ্রমণ।

মিথুন
দিনটি সমস্যাজনিত ও কর্মমুখর। ক্লান্তি ও অবসাদ গ্রাস করবে।

কর্কট
নিজের সুবিবেচনা ও বুদ্ধির প্রয়োগ কর্মক্ষেত্রে উন্নতিসাধন। সময় ও অর্থ দুই বাঁচাতে পারেন।

সিংহ
লক্ষপূরণে কঠিন শ্রমের প্রয়োজন, বলছেন গণেশ। পরিবারের সঙ্গে সম্পর্কের অবনতি।

কন্যা
আজ কাজের চাপ থাকলেও আনন্দ উদ্দীপনার মাধ্যমে উৎফুল্ল হবেন, বলছেন গণেশ।

তুলা
অর্থনৈতিক বিষয়ে যত্নবান হন। নতুন বস্তু ক্রয়ের বিষয়ে অমিতব্যয়ী না হওয়াই উচিত।

বৃশ্চিক
আজ কর্মক্ষেত্রে নতুনত্বের প্রয়োগ ঘটান। কিছু পরিবর্তন সাফল্য এনে দিতে পারে।

ধনু
হাসিমুখে দিন শুরু করুন, বলছেন গণেশ। জটিল সমস্যার সমাধানের পথ খুঁজে পাবেন আজ।

মকর
আজ আপনার প্রতিভার ও প্রত্যয়কে মেলে ধরার দিন। আপনার চেষ্টা সাফল্য আনবেই।

কুম্ভ
অন্তরের কথা শুনুন। কর্মক্ষেত্রে কুচক্রীদের কটু বাক্য এড়িয়ে চলুন। সাফল্য আসবেই।

মীন
আপনি যদি কোনও প্রকল্পের নেতৃত্ব দেন, তবে আজ আপনারই দিন। পারিবারিক বিষয়ে মনোযোগ দিন। বলছেন গণেশ।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

দুর্যোগপূর্ণ আবহাওয়ার প্রকোপ থেকে বেঁচে ফিরলেন বারাসতের ৭২ জন

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: গত ৪ এপ্রিল বারাসত থেকে ৭২ জনের একটি দল হিমাচল প্রদেশের সাংলো যাওয়ার জন্য রওনা দেয়। কিন্তু প্রচণ্ড ঝড়, বৃষ্টি ও তুষারপাতের কারণে এই ৭২ জনের দলটি এবং এদের আরও বহু পর্যটক পিটকুন নামে একটা জায়গায় আটকে পড়ে। খারাপ আবহাওয়া ও দুর্যোগপূর্ণ পরিবেশে দীর্ঘ পাঁচদিন ওই জায়গাতেই আটকে থাকেন তারা।

সেই সময় বহু তদ্বির তদারক করার পর রাজ্য সরকারের পর্যটন বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন তারা। রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রে পর্যটন দফতরকে জানানো হয় এবং এর পরেই কেন্দ্রীয় সরকারের নির্দেশে ও সীমান্ত সেনাবাহিনীর তৎপরতায় বারাসতের দল সহ বাকি পর্যটকদের আটক অবস্থা থেকে বাঁচিয়ে সাংলোয় পৌঁছনোর ব্যবস্থা করা হয়। এরপর ওই পর্যটন দলকে দিল্লি পাঠানো হয় এবং তার মধ্যেই দিল্লি-কলকাতা কালকা মেলের টিকিট পাঠিয়ে দেয় রাজ্য পর্যটন দফতর। গতকাল কালকা মেলে পুরো দলটি হাওড়া স্টেশনে ফিরে আসে। সাক্ষাৎ মৃত্যুর মুখ থেকে ফিরে আসা পর্যটকদের মুখে তারিফ শোনা গেল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের পর্যটন দফতরের এবং সীমান্তের সেই সেনাবাহিনীর।

হাওড়া পৌঁছে স্বস্তিতে দলের সদস্যরা।

বালিটিকুরিতে বাসন্তী পুজোর বিসর্জনে উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়ার বালিটিকুরি বালক সংঘের বাসন্তী পুজোর বিসর্জনকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল এলাকায়। জানা গেছে, সোমবার রাতে এই ক্লাবের বাসন্তী পুজোর বিসর্জন ছিল। শোভাযাত্রা সহযোগে এই পুজোর প্রতিমা নিরঞ্জনের পর বিসর্জন হয়। সেই শোভাযাত্রায় মহিলারাও ছিল। অভিযোগ, সেই সময় স্থানীয় কাউন্সিলরের এক আত্মীয় মহিলাদের সঙ্গে অশালীন আচরণ করে। সেই সময় স্থানীয়রা তাকে উচিত শিক্ষা দেয় ও তার নামে দাশনগর থানায় অভিযোগ করে। আরও অভিযোগ পুলিশ এই ঘটনায় তৎপরতার খামতি দেখায়। তাই ওই এলাকার বাসিন্দারা দাশনগর থানা ঘেরাও করে। তবে পুলিশ এই ঘটনায় সঠিক তদন্তই করছে বলে এলাকার একাংশের অভিমত।

নবদ্বীপে গঙ্গার ভাঙন দেখলেন সেচমন্ত্রী, কড়া ভাষায় সমালোচনা কেন্দ্রের

নিজস্ব সংবাদদাতা,নদিয়া : গঙ্গার ভাঙন দেখতে নদিয়ার নবদ্বীপে এসেছিলেন রাজ্যের সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়। তিনি নৌকা করে চরমাজদিয়া, চরব্রহ্মনগর সহ প্রভৃতি এলাকায় ভাঙন রোধে যে পাড় বাঁধানোর কাজ চলছে। সেই সব কাজ দেখতে যান। জানা গেছে, ভাগীরথীর পূর্ব পাড়ে ৮০০ মিটার পার বাঁধানোর কাজ চলছে। ২০০ মিটার পাড় বাঁধানোর কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। ওখান থেকে মায়াপুর-বামনপুকুর ইসকনের সামনে পাড় বাঁধানোর কাজ দেখেন। গঙ্গার পাড় বাঁধানোর কাজ দেখে কিছু প্রয়োজনীয় নির্দেশ দেন জেলা সেচ দফতরের এসডিও সুবীর রায়কে। গঙ্গার ভাঙন নিয়ে তিনি কেন্দ্রের কড়া সমালোচনা করেন। তিনি বলেন, কেন্দ্রের উদাসীনতার কারণেই কাজ সেরকমভাবে করা যাচ্ছে না। গঙ্গার ভাঙন রোধে কেন্দ্রের প্রধান ভূমিকা থাকা দরকার তা কিন্তু থাকছে না। আমরা সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে চেষ্টা করছি গঙ্গার ভাঙন যতটা সম্ভব রোধ করা। এদিনকার মন্ত্রীর সঙ্গে উপস্থিতি ছিলেন স্থানীয় বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, নবদ্বীপ পুরসভার চেয়ারম্যান বিমানকৃষ্ণ সাহা, জেলা পরিষদের সদস্য হরিদাস দেবনাথ ও তারান্নুম সুলতানা মীর ও ছিলেন স্থানীয় প্রশাসনিক কর্তা ব্যক্তিরা। বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা ও বিমানকৃষ্ণ সাহা বলেন, একটি নদিয়া ও বালুরচরা এলাকাতে ভাঙন শুরু হয়েছে। সেচমন্ত্রীকে বলেছি। তিনি একটি এস্টিমেট পাঠাতে বলেছেন। এছাড়া ধুবুলিয়া থানার গাছায় একটি সেতুর শিলান্যাস করে সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়। উপস্থিত ছিলেন বিধায়ক কল্লোল খাঁ। সেতুটি ১০০ মিটার হবে। এই সেতুটির জন্য সেচ দফতর ৪ কোটি টাকা বরাদ্দ করেছে। এই অনুষ্ঠানে তিনি বলেন, কেন্দ্রের কাছে ২১৯ কোটি টাকা পাবে রাজ্য। কেন্দ্র ওই টাকা দিচ্ছে না। গাছা সেতু শিলান্যাসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী অবনীমোহন জোয়ারদার, সভাধিপতি বাণীকুমার রায়, বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, বিধায়ক কল্লোল খাঁ সহ অনেকে।

হাওড়ায় হনুমান জয়ন্তীর মিছিল

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: রামনবমীতে রামভক্তদের তলোয়ার নিয়ে মিছিলকে কেন্দ্র করে ভালই উত্তেজনা ছড়িয়েছিল এ রাজ্যে, তবে এবার মঙ্গলবার হনুমান জয়ন্তী উপলক্ষে দুই জায়গায় মিছিল করলেন হনুমানজির ভক্তরা। ঘুসুরি ও সালকিয়ার মিছিলে পা মেলান রাজ্যের ক্রীড়াপ্রতিমন্ত্রী লক্ষ্মীরতন শুক্লা ও বালির বিধায়ক বৈশালী ডালমিয়াও। রাম-সীতা ও হনুমানজি সেজে ভক্তরা এই মিছিল করেন। উদ্যোক্তাদের বক্তব্য, পুলিশের অনুমতি নিয়েই তারা এই মিছিল করেন।

মায়ের নালিশে গ্রেফতার আইনজীবী ছেলে

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : মা সুপর্ণা মণ্ডলের অভিযোগের ভিত্তিতে গ্রেফতার হল কাকদ্বীপ মহকুমা আদালতের আইনজীবী পীযূষকান্তি মণ্ডল। সূত্র মারফত জানা গেছে, পীযূষ কিছুদিন পূর্বে মায়ের কাছ থেকে জোর করে সম্পত্তি লিখে নিতে চায়। এরপর মা ঢোলাথানায় গত ২৩ তারিখে লিখিত অভিযোগ দায়ের করে। ঢোলা থানা এ বিষয়ে কোনও উদ্যোগ গ্রহণ না করায় মা সুপর্ণা মণ্ডল পুনরায় ঢোলা থানায় দ্বারস্থ হন। পুলিশ নড়েচড়ে বসে। আজ কাকদ্বীপ মহকুমা আদালত থেকে পীযূষকে গ্রেফতার করে এসি জে এম কোর্টে তোলা হলে বিচারক পীযূষকে এক হাজার টাকার ব্যক্তিগত বন্ডে জামিন দেন। উল্লেখ্য,পীযূষের বিরুদ্ধে ৪৯৮এ, ৪০৬, ৩২৫, ৫০৬ এবং ৩৪ নং ধারায় অভিযুক্ত করা হয়েছিল। সরকারি আইনজীবী সত্যরঞ্জন মাইতি বলেন, পীযূষকান্তি মণ্ডলের বিরুদ্ধে জামিনযোগ্য ধারায় মামলা হয়েছিল। তাই বিচারক এক হাজার টাকার বন্ডে জামিন দিয়েছেন।

ঝাড়গ্রাম সিএমওএইচ দফতরে ডেপুটেশন মহিলা স্বাস্থ্যকর্মী ও সুপারভাইজারের

নিজস্ব সংবাদদাতা,ঝাড় গ্রাম: গতকাল ঝাড়গ্রাম সিএমওএইচ দফতরে ডেপুটেশন দিল ৩৫ জন মোহনপুর বিপিএইচসি'র অন্তর্গত মহিলা স্বাস্থ্যকর্মী ও সুপারভাইজারগণ তাদের মূল দাবি ছিল, তাদের দফতরে যে করণিককে নিয়োজিত করা হয়েছে তিনি নিয়মিত অফিসে না আসার জন্য প্রচুর সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। যেমন পদোন্নতি, ঋণ, অবসরকালীন ভাতা এইসবের কাগজপত্র কিছুই তারা ঠিকঠাক করে উঠতে পারছেন না। তাই তারা এই সমস্যার সমাধান চেয়ে আজ সিএমওএইচ দফতরে গণডেপুটেশন দেন। সিএমওএইচ তাদের কথা শোনেন এবং তিনি বলেন, পর্যাপ্ত পরিমাণে লোকের অভাবের জন্য একজন কর্মচারীকে নয়াগ্রামে তিনদিন আর মোহনপুরে তিনদিন দায়িত্ব দেওয়া হয়েছে কিন্তু ওই কর্মী খুব ফাঁকিবাজ। ওই কর্মীর বিরুদ্ধে আমরা প্রশাসনিকভাবে আইনানুগ ব্যবস্থা নেব এবং যত তাড়াতাড়ি সম্ভব কর্মীদের সমস্যার সমাধান করে দেব।

নজরুল মঞ্চে প্রধানমন্ত্রী আবাস যোজনায় উপভোক্তাদের সচেতনতা শিবির

নিজস্ব সংবাদদাতা, নদিয়া: সোমবার পূর্বস্থলী ১ পঞ্চায়েত সমিতির উদ্যোগে শ্রীরামপুর বিডিও অফিসের নজরুল মঞ্চে প্রধানমন্ত্রী আবাস যোজনায় গ্রামীণ উপভোক্তাদের নিয়ে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হল। শিবিরের শুভ সূচনা করেন ব্লক উন্নয়ন আধিকারিক পুষ্পেন চ্যাটার্জি। উপস্থিত ছিলেন যুগ্ম আধিকারিক দুর্গাপ্রসাদ ঘোষ, পঞ্চায়েত সমিতির সভাপতি দিলীপ মল্লিক, মন্ত্রীর প্রতিনিধি পরিমল দেবনাথ, দোগাছিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান অশোক দাস ও শম্পা মণ্ডল সহ অনেকে। এছাড়াও উপস্থিত ছিলেন আবাস বন্ধুরা। ব্লকের ৭টি গ্রাম পঞ্চায়েতের ৭৯২ জন উপভোক্তা এদিন উপস্থিত ছিলেন। বিডিও পুষ্পেন চ্যাটার্জি উপভোক্তাদের আবাস পাওয়ার ক্ষেত্রে কী কী করণীয় তার সম্পর্কে বিস্তারিতভাবে তিনি তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় উপভোক্তারা জবকার্ডভুক্ত অবশ্যই আছেন। ৭২৫ বর্গফুট ঘর তৈরি করতে হবে। তার একটি ম্যাপ তৈরি করে দেওয়া হয়েছে। এই ঘরটি তৈরি করতে সরকার বরাদ্দ করেছে ১ লক্ষ ২০ হাজার টাকা। এছাড়াও একশো দিনের কাজে আরও ১৬ হাজার টাকা দেওয়া হবে শ্রমিক মজুরি হিসাবে। তাই যে সব উপভোক্তা ঘর পেয়েছেন তাদের কাছে বিডিও সাহেব অনুরোধ রেখেছেন যে তারা যেন সরকার থেকে দেওয়া বরাদ্দের মধ্যেই টাকা খরচ করে। প্রথম কিস্তির টাকা দেওয়া হবে ৪০ হাজার। তারপরে ভিত পর্যন্ত শেষ করার পরে একটি দরখাস্ত করতে হবে। যতটুকু কাজ হয়েছে তার একটি সচিত্র ছবি তুলে জমা করতে হবে বিডিওর কাছে। তারপরে ধাপে ধাপে মোট চারটি কিস্তিতে মোট ১ লক্ষ ২০ হাজার টাকা দেওয়া হবে। তারপরে আরও ১৬ হাজার টাকা উপভোক্তা পাবেন একশো দিনের কাজের মজুরি হিসাবে। বিডিও পুষ্পেন চ্যাটার্জি বলেন, ব্লকের ৭টি গ্রাম পঞ্চায়েতের মোট উপভোক্তার সংখ্যা ৭৯২ জন। সমিতির সভাপতি দিলীপ মল্লিক বলেন, প্রতিটি উপভোক্তার বাড়িতে যদি না শৌচাগার না থাকে তা হলে সেই বাড়িতে শৌচাগার বানাতে হবে। তারপরে ২৫ বর্গমিটার বাড়ি তৈরি করতে হবে। প্রথম কিস্তির টাকা পাওয়ার পরে ৬ মাসের মধ্যে বাড়ির কাজ শেষ করতে হবে। সরকারের দেওয়া বরাদ্দ টাকা কোনওভাবে অন্যখাতে খরচ করা যাবে না। খরচ নিয়ে যদি কোনওরকম বেনিয়মের অভিযোগ পাওয়া যায় তা হলে কড়া আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও সভাপতি দিলীপ মল্লিক বলেন, এই আবাস যোজনার ঘর নিয়ে পাড়ায় পাড়ায় যদি কোনও রকম অসৎ লোক আপনাদের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করবে সেই সব ফাঁদে পা দিতে নিষেধ করেছেন তিনি। একমাত্র এইসব বিষয় নিয়ে পঞ্চায়েত অফিস ও বিডিও অফিসের সঙ্গে যোগাযোগ করার কথা তিনি জানিয়েছেন। চারটি কিস্তিতে টাকা দেওয়া হবে এবং ঘর শেষ করতে হবে। এর জন্য প্রতিটি পঞ্চায়েতে একজন করে আবাস বন্ধু নেওয়া হয়েছে। তাদের সঙ্গে সর্বদা যোগাযোগ রাখতে হবে। সেই সঙ্গে আবাস বন্ধুরাও যোগাযোগ রাখবেন উপভোক্তাদের সঙ্গে। কোনওরকম সরকারের প্রদেয় অর্থ নিয়ে তছরুপ করা চলবে না। তা হলে কড়া আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সকলকে সতর্ক করেন আধিকারিকরা।

বিজ্ঞপ্তি

আরামবাগ ডিস্ট্রিক্ট - ডেলিগেট - আদালত - আরামবাগ, হুগলী
এ্যাক্ট - ৩৯
মিসজে কেসনং - ১৩/২০১৫

দরখাস্তকারী - উষারানী হাইত, স্বামী - মৃত ললিত মোহন হাইত, সাং - পুরশুড়া, থানা - পুরশুড়া, জেলা - হুগলী

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, দরখাস্তকারী তাহার অবিবাহিতা মৃতা কন্যা রেখা হাইত, পিতা - মৃত ললিত মোহন হাইত সাং ও থানা পুরশুড়া, জেলা হুগলী এরনামিত নিম্নের তপশিল বর্ণিত গচ্ছিত টাকা আদায় পাইবার জন্য অত্র আদালতে মোকদ্দমা রুজু করিয়াছেন। ইহাতে কাহারও কোনও আপত্তি থাকিলে বিজ্ঞপ্তিপ্রকাশের ৩০ দিনের মধ্যে ১০.৩০ মিনিটে আদালতের ভারপ্রাপ্ত উকিলবাবু মারফত অথবা স্বয়ং লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন। অন্যথায় আইন মোতাবেক ব্যবস্থা লওয়া হইবে।

নিবেদন ইতি - ১১.০৪.২০১৭

তপশীল

১। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - ট্রাম ডিপোজিট - এ রিসিভনম্বর সি. এস/০২৪ ০৯০২০৯৩ অ্যামাউন্ট অফরুপিজ - ৮২,৬০০।
২। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - ট্রাম ডিপোজিট - এ রিসিভনম্বর সি. এস/০২৪ ০৯০২৬৩৭ অ্যামাউন্ট অফরুপিজ - ৬০৪২৮।
৩। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - ট্রাম ডিপোজিট - এ রিসিভনম্বর সি. এস/০২৪ ০৯০২৯৬১ অ্যামাউন্ট অফরুপিজ - ৬৬৪৪৮
৪। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - ট্রাম ডিপোজিট - এ রিসিভনম্বর সি. এস/০২৪ ০৯০২৬৩৬ অ্যামাউন্ট অফরুপিজ - ৬০৪২৮/-

টোটাল আর. এস. - ২৬৯৯০৪/- টাকা

By Order of the Court
Sheristadar
District Deligate
Arambagh, Hooghly